ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭৪১

খোয়াই, ১৬ মে,২০২৫

# খোয়াই জেলায় ৯২টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শৌচালয় নির্মাণ করা হবে

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে জেলার অন্তর্গত বিভিন্ন আই.সি.ডি.এস. প্রজেক্টের আওতাধীন ৯২টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ১টি করে শৌচালয় নির্মাণ করা হবে। কল্যাণপুর আই.সি.ডি.এস. প্রজেক্টে ৮টি শৌচালয়, খোয়াই প্রজেক্টে ২টি, মুঙ্গিয়াকামী প্রজেক্টে ২১টি, পদ্মবিল প্রজেক্টে ২৫টি, তেলিয়ামুড়া প্রজেক্টে ১৩টি, তুলাশিখর প্রজেক্টে ২১টি ও তেলিয়ামুড়া পুর এলাকা প্রজেক্টে ২টি শৌচালয় নির্মাণ করা হবে। প্রতিটি শৌচালয় নির্মাণে ৩৬ হাজার টাকা করে ব্যয় হবে বলে জেলাশাসক কার্যালয় থেকে জানানো হয়েছে।

*****